

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ
নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১০/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ২০ জুলাই, বৃহস্পতিবার ২০২৩, ০৫ শ্রাবণ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে তৃণমূল পর্যায়ের সরকারি অফিস পর্যন্ত জবাবদিহিতা নিশ্চিত করতে হবে: প্রধানমন্ত্রী
- ০২। নগরীর বলাশপুরে জলাবদ্ধতা নিরসনে চলমান কার্যক্রম পরিদর্শন করেছেন সিটি মেয়র
- ০৩। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ময়মনসিংহে প্রভুতিমূলক সভা অনুষ্ঠিত
- ০৪। ময়মনসিংহে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি নানা কর্মসূচি গ্রহণ

০১। উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে তৃণমূল পর্যায়ের সরকারি অফিস পর্যন্ত জবাবদিহিতা নিশ্চিত করতে হবে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে তৃণমূল পর্যায়ের অফিস পর্যন্ত জবাবদিহিতা নিশ্চিত করতে সরকারি কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, জবাবদিহিতা থাকলে ২০৪১ সালে উন্নত দেশ গড়া এবং জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন করা সম্ভব। বুধবার (১৯ জুলাই) সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর এবং এপিএ ও শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ।

০২। নগরীর বলাশপুরে জলাবদ্ধতা নিরসনে চলমান কার্যক্রম পরিদর্শন করেছেন সিটি মেয়র

ময়মনসিংহ নগরীর বলাশপুর এলাকার জলাবদ্ধতা নিরসন ও পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়নে সিটি কর্পোরেশনের চলমান কার্যক্রম পরিদর্শন করেছেন মেয়র মোঃ ইকরামুল হক টিটু। বুধবার (১৯ জুলাই) দুপুরে মেয়র বলাশপুর নয়াপাড়া এলাকাসহ অন্যান্য এলাকা পরিদর্শন করেন এবং স্থানীয় বাসিন্দাদের সাথে জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ে কথা বলেন। এ সময় সংশ্লিষ্ট কর্মকর্তাদের তিনি প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৩। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ময়মনসিংহে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ময়মনসিংহে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৯ জুলাই) ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলনকক্ষে এ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় ১৫ আগস্ট উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি এবং স্ব-স্ব বিভাগের সকল কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় ময়মনসিংহ জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজুর রহমান, বিভাগীয় দপ্তরপ্রধানগণ, মুক্তিযোদ্ধা, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও রাজনৈতিক দলের প্রতিনিধি এবং বিভিন্ন গণমাধ্যম কর্মী উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ ও দৈনিক নিউ টাইমস।

০৪। ময়মনসিংহে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি নানা কর্মসূচি গ্রহণ

ময়মনসিংহে ডেঙ্গু প্রতিরোধে নানা কর্মসূচি গ্রহণ করেছে সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলা প্রশাসন। কোভিড মোকাবিলায় যেভাবে টিম কাজ করেছে সেই আলোকে জেলা, উপজেলা, সিটি কর্পোরেশন ও পৌরসভায় মনিটরিং টিম গঠনের পাশাপাশি গণসচেতনতা বৃদ্ধিতে নিয়মিত মাইকিং ও প্রচার অভিযান অব্যাহত রাখার নির্দেশ দেয়া হয়। এছাড়া, নগরীর বিভিন্ন অংশের এডিস মশার লার্ভার উৎসস্থল নষ্ট করতে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও ফগার মেশিন দিয়ে এডাল্টসাইড ও লার্ভিসাইড প্রয়োগ অব্যাহত রাখার পরামর্শ দেয়া হয়েছে এবং নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বুধবার (১৯ জুলাই) দুপুরে ময়মনসিংহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় সভায় এসব নির্দেশ দেন জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজুর রহমান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক সবুজ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** রাজধানীর প্রায় সব সড়কে বিশৃঙ্খল পরিস্থিতি বিরাজ করছে। রাজধানীসহ সারাদেশের সড়কগুলোতে শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য নতুন পরিকল্পনা ও বিপুল বাজেট বরাদ্দই যথেষ্ট নয়, প্রতিটি প্রকল্প বাস্তবায়নে যাতে কোনো দুর্নীতি না হয়, তা নিশ্চিত করতে হবে।
- (খ) **দৈনিক স্বদেশ সংবাদ:** মাত্রাতিরিক্ত বৃষ্টিপাতের ফলে দেশের ছোট বড় সব শহরেই কমবেশি জলাবদ্ধতা দেখা দেয়। এ দুর্ভোগ থেকে উত্তরণে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হলেও কোনটাই কাজে আসছে না। দরকার সঠিক সমন্বয় ও পরিকল্পিত কার্যক্রম।
- (গ) **দৈনিক নিউ টাইমস:** নিরাপদ ও সম্মানজনক মাতৃস্বাস্থ্যসেবা নিশ্চিত করতে যে অবকাঠামো ও লোকবল দরকার, তা আমাদের দেশে নেই। স্বাস্থ্যসেবায় সরকারি বাজেট বাড়ানোসহ সর্বস্তরের মাতৃস্বাস্থ্যসেবা সংস্থাগুলোর মানোন্নয়ন ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোর তত্ত্বাবধানের প্রক্রিয়া জোরদার করা এবং প্রশিক্ষিত মিডিওয়াইফ তৈরি, অন্তঃসত্ত্বা মায়ের রেজিস্ট্রেশন, গর্ভকালীন সেবা ও ভাতার ব্যবস্থার উপর জোর দেওয়া প্রয়োজন।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। আন্তর্জাতিক বিশ্ব চালকের আসনে শেখ হাসিনা- তাপস হালদার (দৈনিক নিউ টাইমস)
- ০২। বর্ষায় চালতা ফুলের অপরূপ সৌন্দর্য- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক সবুজ)
- ০৩। ব্রিকসে বাংলাদেশ: রাজনীতির নতুন সমীকরণ- ড. প্রশান্ত কুমার রায় (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।